গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনা'র মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর: ৪৬.০০.০০০০.০৭০.০২.০০২.২১-**২৮৩**

তারিখ: ০১ চৈত্র ১৪২৭ / ১৫ মার্চ ২০২১

প্রেরক: নুমেরী জামান
উপসচিব
স্থানীয় সরকার বিভাগ

প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
স্থানীয় সরকার বিভাগ
সিজিএ ভবন (৫ম তলা, গেট নং-৪), সেগুনবাগিচা, ঢাকা

**বিষয়: ২০২০-২১ অর্থ বছরের আরএডিপি'তে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের 'আধুনিক পদ্ধতিতে বিভিন্ন সড়কের পটহোলস্ মেরামত ও ট্রাফিক ব্যবস্থাপনা উন্নয়নের লক্ষ্যে যান-যন্ত্রপাতি সংগ্রহ' শীর্ষক প্রকল্পের এর অনুকূলে ১ম-৩য় কিস্তির অর্থ অবমুক্তি।**

স্থানীয় সরকার বিভাগের গত ২৮ ফেব্রুয়ারি ২০২১ তারিখের ৪৬.০০.০০০০.০৭০.০২.০০২.২১-২১৫ নম্বর সরকারি আদেশে অনুমোদিত বিভাজন অনুযায়ী আমি এই মর্মে আদিষ্ট হইয়া স্থানীয় মুদ্রা (জিওবি) অংশের বরাদ্দ হইতে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের অনুকূলে নিম্নরূপে অর্থ ছাড়ে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করিতেছি:

| বাস্তবায়নকারী সংস্থার নাম ও কোড নং | প্রকল্পের নাম ও কোড নং | অনুমোদিত/ পিপিপি অনুমোদিত/ অননুমোদিত | কিস্তির নাম | ঋণের অর্থের পরিমাণ | বিনিয়োগের অর্থের পরিমাণ | অনুদানের অর্থের পরিমাণ | রাজস্ব খাতের অর্থ | মূলধন খাতের অর্থ | মোট অবমুক্তকৃত অর্থ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) |
| ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ২২৪৩৬২৪০০ ০০০০০০ | 'আধুনিক পদ্ধতিতে বিভিন্ন সড়কের পটহোলস্ মেরামত ও ট্রাফিক ব্যবস্থাপনা উন্নয়নের লক্ষ্যে যান-যন্ত্রপাতি সংগ্রহ' প্রকল্প (কোড নং-২২৪৩৬২৪০০) | অনুমোদিত | ১ম-৩য় কিস্তি | - | - | - | ৪.৫০ লক্ষ | ৫২০.৫০ লক্ষ | ৫২৫.০০ লক্ষ (পাঁচ কোটি পঁচিশ লক্ষ) টাকা |

(ক) উপরোক্ত অর্থ জিওবি অনুদান হিসাবে দেওয়া হইল।

(খ) এই ব্যয় বর্তমান অর্থ বছরের (২০২০-২১) উন্নয়ন বাজেটের মঞ্জুরি নং-৩৪, স্থানীয় সরকার বিভাগের (কোড নং-১৩৭০১) ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃক বাস্তবায়নাধীন 'আধুনিক পদ্ধতিতে বিভিন্ন সড়কের পটহোলস্ মেরামত ও ট্রাফিক ব্যবস্থাপনা উন্নয়নের লক্ষ্যে যান-যন্ত্রপাতি সংগ্রহ' প্রকল্প (কোড নং-২২৪৩৬২৪০০) হইতে বহন করা হইবে।

২। উপরোক্ত অর্থ শুধু টাকা বরাদ্দের অংক নির্দেশ করে। (শুল্ক ও মূল্য সংযোজন কর এবং পুনর্ভরযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দ টাকা এই অংকের বহির্ভূত)।

৩। এই বরাদ্দের অধীনে ব্যয় অনুমোদিত প্রকল্প ছকে বর্ণিত দফাওয়ারী বরাদ্দ অনুযায়ী করিতে হইবে এবং মোট ব্যয় অনুমোদিত প্রকল্প ব্যয়ের অতিরিক্ত হইবে না।

৪। এই আদেশ অর্থ বিভাগের ০৯ মার্চ ২০২১ তারিখের ০৭.১১১.০১৪.০১.০৫.০৮৫.২০২১-১১৩নং পত্রে প্রদত্ত সম্মতির প্রেক্ষিতে ও নিম্নোক্ত শর্তে জারি করা হল:

(১) ডিএসএল এর কিস্তি যথাসময়ে পরিশোধ করিতে হইবে;
(২) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিআর-২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করিতে হইবে;
(৩) ছাড়কৃত অর্থের অব্যয়িত অংশ ৩০শে জুন ২০২১ এর মধ্যে চালানযোগে সরকারি কোষাগারে জমা প্রদান করিতে হইবে;
(৪) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হইলে সংশিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ি থাকিবেন;
(৫) অনুমোদিত ডিপিপি'র অংগভিত্তিক ব্যয় করতে হবে এবং প্রাক্কলিত ব্যয়ের অতিরিক্ত কোন অর্থ ব্যয় করা যাইবে না;
(৬) প্রকল্প সংশ্লিষ্ট যাবতীয় টেন্ডার কার্যক্রম ই-জিপির মাধ্যমে বাস্তবায়ন করিতে হইবে।

৫। এই বিভাগ কর্তৃক প্রতিস্বাক্ষরিত বিল উপস্থাপনের মাধ্যমে সংস্থার পক্ষে সংস্থার মাননীয় মেয়র, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এই অর্থ উত্তোলন করিতে পারিবেন।

নুমেরী জামান
উপসচিব
ফোন: ৯৫৭৩৬২৫
ই-মেইল: lgcc1@lgd.gov.bd

নম্বর: ৪৬.০০.০০০০.০৭০.০২.০০২.২১-**২৮৩/১(১০)**

তারিখ: ০১ চৈত্র ১৪২৭
১৫ মার্চ ২০২১

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-**

১. সিনিয়র সচিব, অর্থ বিভাগ,অর্থ মন্ত্রণালয় (দৃঃ আঃ সিনিয়র সহকারী সচিব (বাজেট-১১ শাখা)।
২. সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ/ কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
৩. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, নগর ভবন, ফুলবাড়িয়া, ঢাকা।
৪. উপসচিব, পরিকল্পনা শাখা, স্থানীয় সরকার বিভাগ।
৫. মেয়রের একান্ত সচিব, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, নগর ভবন, ফুলবাড়িয়া, ঢাকা।
৬. প্রোগ্রামার, আইসিটি শাখা, স্থানীয় সরকার বিভাগ-**জিওটি এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হল**
৭. প্রকল্প পরিচালক 'আধুনিক পদ্ধতিতে বিভিন্ন সড়কের পটহোলস্ মেরামত ও ট্রাফিক ব্যবস্থাপনা উন্নয়নের লক্ষ্যে যান-যন্ত্রপাতি সংগ্রহ' প্রকল্প, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।
৮. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, নগর ভবন, ফুলবাড়িয়া, ঢাকা।
৯. অফিস নথি।

২৫.০৩.২০২১

নুমেরী জামান
উপসচিব